

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা

২২ ফাল্গুন, ১৪২৪ বঃ

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৫.০০২.১৮(অংশ-১)-২৯

তারিখঃ-----

০৬ মার্চ ২০১৮ খ্রি.

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বৈদেশিক সংক্ষিপ্ত প্রশিক্ষণের জন্য মনোনয়ন আহ্বান (২০১৭-১৮ অর্থ-বছর)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে Effective, Inclusive and Accountable Public Administration গড়ে তোলার লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণের জন্য আপনার বিভাগ হতে ০৫ জন সহকারী কমিশনার/সহকারী কমিশনার (ভূমি), ০৫ জন সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক, ০২ জন উপসচিব/সমমান (সর্বমোট ১২ জন)-এর মনোনয়ন আগামী ০৮.০৩.২০১৮ তারিখ অপরাহ্ন ৪.০০ ঘটিকার মধ্যে সিপি-২ শাখায় (ই-মেইলে এবং বাহক মারফত) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- (ক) চাকুরীকাল ন্যূনতম ০৪ (চার) বছর এবং চাকুরী স্থায়ী না হলে আবেদন করা যাবে না।
- (খ) উপসচিবগণের ক্ষেত্রে ন্যূনতম ০৬ (ছয়) বছর চাকুরীর মেয়াদ না থাকলে এই প্রশিক্ষণের জন্য বিবেচনা করা হবে না।
- (গ) ইতোপূর্বে বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করেন নাই এমন কর্মকর্তাদের মনোনয়ন-কে উৎসাহিত করা হবে। তবে মনোনয়নের ক্ষেত্রে কর্মকর্তার শিক্ষাগত যোগ্যতা, নিষ্ঠা এবং সুনামকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হবে।
- (ঘ) কোন শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ থাকলে বা বিভাগীয় মামলা চলমান থাকলে তাকে এ পর্যায়ে আবেদনের অযোগ্য বলে বিবেচিত করা হবে।
- (ঙ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনাদের অনাপত্তি পত্র ও সুপারিশ থাকতে হবে।

০২। যে সকল প্রশিক্ষণার্থীদের মনোনয়ন প্রদান করা হবে আবশ্যিকভাবে তাদের অফিসিয়াল পাসপোর্ট-এর প্রথম তিন পৃষ্ঠার ফটোকপি অগ্রায়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত বাছাই কমিটির সুপারিশক্রমে প্রাপ্ত মনোনয়ন থেকে পর্যায়ক্রমে কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণ করা হবে।

(ড. মোহাম্মদ জিয়াউল হক)

উপসচিব

e-mail: mhziul@yahoo.co.uk

ফোন: ৯৫১৩৫৪৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ, বিভাগ।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৫। যুগ্মসচিব (সিপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্ম সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।